# ১৫. এদোনের ঘটনা

ঈশ্বর যখন এই পৃথিবী সৃষ্টি করেছেন এই পৃথীবিতে কোন মন্দতা ছিল না, তিনি আদাম এবং হবাকে একটি সহজ নিয়ম মেনে চলতে বলেন। ছলনা, অবাধ্যতা আর শাস্তি এই সব কিছুর শুরু হয় এদোন বাগানে, আর তার প্রভাব আমরা আজো উপোলব্ধি করতে পারি। এই অধায়ে আমরা দেখবো এদোন বাগানে কি ঘটনা ঘটেছিল।

## মূল পাঠ: আদিপুস্তক ২:৪-৩:২৪

এদোন বাগানের ঘটনা সম্পর্কে আমরা যতটুকু জানি তা আদিপুস্তকের ২ এবং ৩ অধ্যয় থেকে পাওয়া যায়। এই অধায়গুলতে যদিও আমাদের যথেষ্ট জানানো হয়নি, আজ আমাদের পৃথিবীর ভয়াবহ দশা সে সম্পর্কে এই অধ্যায়গুলো আমদের বেশকিছু ধারনা দেয়।

১. এই অধায়গুলতে দেওয়া বর্ণনা থেকে আপনি কি পৃথিবীর ম্যাপ থেকে এদনের অবস্থান খুজে বের করতে পারবেন?
২. "ভাল-মন্দের-জ্ঞান" বলতে এখানে কি বোঝানো হয়েছে?
৩. "শয়তান" অথবা "দিয়াবল" শব্দোগুল কি এই অধায়েগুলোতে কথাও ব্যবহার করা হয়েছে?
৪. কোন কোন ধাপে আদম এবং হবা তাদের এই প্রথম পাপের পথে পরিচালিত হয়? আমাদের নিজেদের প্রলোভনের ক্ষেত্রেও কি আমরা এই ধাপগুলো দেখতে পাই?
৫. ঈশ্বর কেন আদমকে কর্তৃত্ত করতে দেন বলে আপনি মনে করেন? বাইবেলের কোন পদ কি আপনার উত্তরকে সমর্থন করে?
৬. আদম এবং হবাকে কি কেবল মাত্র একটি নিওমই দেওয়া হয়েছিলো?
৭. ঈশ্বর কি আদম এবং হবাকে ক্ষমা করেছিলেন? কোন পদ এই বিশয়ে আমাদের জানায়?
৮. এই ঘটনার পরে কি আদম এবং হবার পাপ করার প্রবনতা আগের চেয়ে বৃদ্ধি পায়? বাইবেলের কোন কোন পদ আপনার উত্তরকে সমর্থন করে?
৯. ঈশ্বর আদম এবং হবাকে বলেছেন সেই ফল খাওয়ার সাথে সাথে তারা মারা যাবে (২:১৭)। তবুও বহু বছর পর্যন্ত তারা মারা যায়নি। আপনি কিভাবে এই বিষয়টি ব্যাখ্যা করতে পারেন? আপনার উত্তর সমর্থন করে এমন কোন বাইবেলের পদ কি আপনি দেখাতে পারবেন?
১০. আদমের বংশধরেরা সবাই মরনশীল (সময়ক্রমে তারা সবাই মারা যাবে)। ঈশ্বর কি আদম হবাকে এই বিষয়ে আগে জানিয়েছিলেন?
১১. সাপ, আদম এবং হবাকে যে অভিশাপগুলো দেওয়া হয়েছিল সেগুল তিনটি আলাদা আলাদা পয়েন্টে লিখুন।
১২. কেউ কেউ বলেন আদম এবং হবাকে বিশ্রামবার পালন করার আদেশ দেওয়া হয়েছিল। এই দাবির কোন কোন প্রমান কি বাইবেলে আছে?

অনেক জটিল মতামত এবং ধর্মীয় শিক্ষা এই অধ্যায় দেওয়া সামান্য বর্ণনার ভিত্তিতে গড়ে উঠেছে। কিন্ত আমরা যখন সতর্ক ভাবে বাইবেল পড়ি, আমরা দেখতে পাই যে এই কঠিন ধর্মীয় মতামতগুলর ভিত্তি প্রায়ই অত্যন্ত দুর্বল। বাইবেল সম্পর্কে ভুল

শিক্ষা থেকে রক্ষা পাবার একমাত্র উপায় হোল, সতর্ক ভাবে বাইবেল পড়া। আপনি নিজেই যাচাই করে দেখুন, বাইবেল সম্পর্কে অন্যেরা আপনাকে কি বলে, আর ঈশ্বর তার বাক্যে কি বলেন। ঈশ্বর সঠিক, তাই তাকেই চূড়ান্ত বিচারক হবার সুযোগ দিন।

এদোন বাগানে মানুষের ইতিহাসের সূচনা ঘটে। তাই বাইবেলের সমস্ত শিক্ষার জন্য এদোন বাগানের দিকে তাকানো আমাদের জন্য স্বাভাবিক। তবে বাইবেলের বেশিরভাগ গুরুত্বপূর্ণ শিক্ষাগুলো এই অংশে লেখা হয়নি। অনেক ক্ষেত্রে, মতবাদগত শিক্ষা বাইবেলে উল্লেখই করা হয়না যতক্ষণ না পর্যন্ত ঈশ্বর যা করেন, তা তিনি কেন করেন, সেটি বোঝা আমাদের জন্য গুরুত্বপূর্ণ হয়ে ওঠে?

## পুরুষ, নারী এবং বিয়ে

এদোন ছিল নতুন গাছপালা এবং পশুপাখিতে ভরা, কিন্ত সেখানে কোন কাঁটাবন বা আগাছা ছিল না। ঈশ্বর আদমেক এই বাগানে রাখেন যেন "তিনি তাতে চাষ (বা কাজ) করতে পারেন ও তার দেখাশোনা করতে পারেন (আদিপুস্তক ২:১৫)।" আমাদের এখানে নির্দিষ্ট ভাবে বলা হয়নি কি কাজ অথবা দেখাশোনার দায়িত্ব তাকে দেওয়া হয়েছিলো।

হবাকে দেওয়া হয়েছিল আদমের জীবনের জন্য একজন "উপযুক্ত সংগী" হিসেবে (আদিপুস্তক ২:১৮,২০)। যদিও ঈশ্বর হয়ত একাধিক সংখ্যক একই ধরনের পশুপাখি সৃষ্টি করেন, তিনি কেবল একজন পুরুষ এবং একজন নারী সৃষ্টি করেন। বিয়ে সম্পর্কে ঈশ্বরের প্রথম মন্তব্যগুলো ছিল:

- ঈশ্বর বলেন আদমের জন্য একা থাকা ভাল ছিল না (আদিপুস্তক ২:১৮)।
- হবাকে তৈরি করা হয়েছিল আদমের উপযুক্ত সংগী হিসেবে, যেহেতু বাগানের অন্য কোন পশুপাখি আদমের সংগী হিসেবে উপযুক্ত ছিল না (আদিপুস্তক ২:২০-২৩)।
- পুরুষকে তার বাবা-মাকে ছেড়ে তার স্ত্রীর সাথে এক দেহে মিলিত হতে হবে (আদিপুস্তক ২:২৪)। এটি নিশ্চয়ই আমাদের ভালোর জন্য লেখা হয়েছে, কারন আদম এবং হবার ছেড়ে যাবার মত কোন বাবা মা ছিল না। এখানের মূল শিক্ষা হোল বাব-মা থেকে আলাদা হওয়া এবং স্ত্রীর স্থায়ীভাবে সাথে মিলিত হওয়া। আরো দেখুন: মথি ১৯:৫; মার্ক ১০:৭; ইফিষীয় ৫:৩১।

## ঈশ্বরের নিয়ম

ঈশ্বর আদমকে আর হবাকে কেবল একটি নিয়ম দেবার বিষয়ে আমাদেরকে বলেন।

> সদাপ্রভু ঈশ্বর তাঁকে আদেশ দিয়ে বললেন, "তুমি তোমার খুশিমত এই বাগানের যে কোন গাছের ফল খেতে পার; কিন্তু ভাল মন্দ-জ্ঞানের যে গাছটি রয়েছে তার ফল তুমি খাবে না, কারন যেদিন তুমি তার ফল খাবে সেই দিন নিশ্চই তোমার মৃত্যু হবে।" (আদিপুস্তক ২:১৬-১৭)

আদিপুস্তক ৩:৩ পদে হবা আমাদেরকে একটু আলাদা কিছু তথ্য দ্যায়। হবা সাপকে বলে যে, ঈশ্বর তাদেরকে সেই ফল স্পর্শ করকে পর্যন্ত মানা করেছেন। আর সেই কারনে সাপের পক্ষে হবাকে ভুল বোঝানো সম্ভব হয়েছিল, যার ফলশ্রুতিতে হবা

ঈশ্বরের নিয়ম ভঙ্গ করে। আদম ঈশ্বরের বদলে তার স্ত্রীর কথা শুনে হবাকে অনুসরণ করে। এখন একজনের বদলে দুইজন পাপি  - এবং দু'জনেই জানে যে তারা পাপ করেছে। সাপ যেমন বলেছে তাদের দুজনেরই ভালো-মন্দের জ্ঞান ছিল। কিন্তু ঈশ্বর যেমন বলেছেন তাদের শাস্তিও ছিল অনিবার্য, তাই তারা হঠাৎ তাদের নগ্নতা ঢাকার চেষ্টা করে। তাদের পাপের আগে উলঙ্গ থাকার মধ্যে কোন লজ্জা ছিল না, কিন্ত পাপ উলঙ্গতাকে একটি লজ্জার বিষয়ে পরিনত করে, যা আজো আমরা জানি।

ঈশ্বর আদম এবং হবাকে তাদের পাপের মুখোমুখি দাড় করায়, এবং তাদের লজ্জার বিষয়ে জিজ্ঞাস করে, তাতে তারা তাদের সমস্ত ঘটনা ঈশ্বরকে বলে। তারপর, ঈশ্বর এই ঘটনয় অন্তরভুক্ত তিনজনের সাথে কথা বলেন। তার প্রশ্নের উত্তরে আদম হবকে দায়ী করে (এবং সম্ভবত ইশরকেও ইঙ্গিত করে, কারন ঈশ্বর হবার স্রষ্টা); হবা সাপকে দায়ী করে, আর সাপের পক্ষে কাউকে দায়ী করা সম্ভব ছিল না। এই তিনজনের প্রত্যেকেই তাদের নিজ নিজ শাস্তি পায়।

## শাস্তি

পাপের পরিণতি আমাদের স্পশ্তভাবেই দেখানো হয়েছে, পৃথিবী হঠাত করে ঈশ্বর প্রথমে যা সৃষ্টি করেছিলেন তার থেকে একটি আলাদা জায়গায় পরিনত হয়। সাপকে বলা হয় সে মাটিতে পেট ঘোষে চলবে। হবাকে বলা হয় সে সন্তান জন্ম দেবার সময় কষ্ট পাবে এবং তার স্বামী তার উপর কর্তিত্ব করবে। আদমের পাপের জন্য মাটিকে পর্যন্ত অভিশাপ দেওয়া হয়েছিল – যে এখন থেকে মাটিতে কাঁটাগাছ আর আগাছা জন্মাবে। আদমকে এখন থেকে তার মৃত্যু পর্যন্ত কষ্ট করে তার জীবিকা চালাতে হবে।

আমাদেরকে বলা হয়েছে, সাপকে দেওয়া অভিশাপ তার বংশধরদের উপরেও পরবে। আর আমরাও আজ দেখতে পাই যে, আদম এবং হবাকে দেওয়া অভিশাপ আমাদের উপরেও চলে আসছে।

## উদ্ধার পাবার প্রতিজ্ঞা

এই অভিশাপের মাঝেও আমাদের কিছু আশা দেওয়া হয়েছে। আদিপুস্তক ৩:১৫ পদে, ঈশ্বর সাপ এবং হবা সম্পর্কে একটি অসাধারণ প্রতিজ্ঞা করেন।

> আমি তোমার ও স্ত্রীলোকের মধ্যে দিয়ে আশা বংশের মধ্যে শত্রুতা সৃষ্টি করব। সেই বংশের একজন তোমার মাথা পিশে দেবে আর তুমি তার পায়ের গোড়ালীতে ছোবল মারবে।

মানুষ এবং সাপের মধ্যকার এই শত্রুতা যিশু এবং পাপের মধ্যেকার সংগ্রাম তা বোঝাতে ব্যবহার করা হয়। এই পদটি আসলে যিশু খ্রিষ্টের ভবিষৎবাণী প্রকাশ করে। এখানে ভবিষৎবাণী করা হয়েছে যে, নারীর (বা মরিয়মের) বীজ বা বংশ যিশু খ্রিষ্ট, একদিন পাপের উপরে বিজয় লাভ করবেন (পাপকে এখানে সাপ দ্বারা বুঝান হয়েছে) । যিশু যখন মারা যান তিনি পাপকে মারত্মক ভাবে আঘাত করে প্রতিহত করেন, তা করতে গিয়ে তিনি অল্প সময়ের জন্য মারা যান, তার এই মৃত্যু "গোড়ালীতে ছোবল" খাবার একটি চিহ্ন।

## চিন্তার উদ্দীপক

১. আপনি কি বাইবেল থেকে প্রমান করতে পারবেন যে, ঈশ্বর সাপ, হবা এবং আদমকে যে অভিশাপগুল দিয়াছেন, তা তিনি তাদের বংশধরদেকেও দিয়াছেন?
২. আদম কি কি খেতে পারবে তা আদিপুস্তক ১:২৯ এবং আদিপুস্তক ৩:১৮-১৯ পদে বলা হয়েছে। পাপের কারনে তার কোন পরিবর্তন হয়েছে? আদিপুস্তক ৯:৩ পদে বন্যার পরে নোহর খাবারের বিষয়ে বলা হয়েছে। এখানে আমরা কি পার্থক্য দেখতে পাই? আমাদেরকে কি কখনো বলা হয়েছে কেন এই পরিবর্তন?
৩. সাপ কি একটি সাধারণ সাপ ছিল? সাপ কি কোন পাপ করেছিল?

## সহায়ক অনুসন্ধান

১. একটি বাইবেলের পদ-সহায়িকা (concordance অথবা cross-references) ব্যবহার করে, নতুন নিয়মে কোথায়-কোথায় আদিপুস্তক ২ ও ৩ অধ্যায় থেকে উক্তি করা হয়েছে তা খুজে বের করুন। এই পদগুলোতে কি কোন আলাদা তথ্য দেওয়া হয়েছে যা আদিপুস্তকে উল্লেখ করা হয়নি, কিন্তু তা আমাদেরকে আদিপুস্তকের ঘটনা বুঝতে সাহায্য করে?

## এই বিষয়ে আরো জানতে চাইলে নিচে উল্লিখিত বই/সূত্রগুলো অনুসন্ধান করুন

- What the Bible teaches লেখক Harry Tennant (Christadelphian কর্তৃক প্রকাশিত, ১৮৮৬), অধ্যায় ২: “Man: good or bad?”। ৯ পৃষ্ঠা।
- Genesis 1-2-3-4 লেখক Harry Whittaker (Biblia কর্তৃক প্রকাশিত, ১৮৮৬)। ১৪৪ পৃষ্ঠা। আদিপুস্তকের প্রথম ৪ অধায়ের বিস্তারিত কিছু আলোচনা।
- Thine is the kingdom লেখক Peter Southgate (Dawn Book Supply কর্তৃক প্রকাশিত ২য় সংস্করণ , ১৮৮৬). অধ্যায় ৯, ৩০ পৃষ্ঠা।

## আরো দেখুন

৭. সৃষ্টি
১৬. প্রলোভন
১৭. পাপ
১৮. মৃত্যু
২৮. মন পরিবর্তন